গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি অনুবিভাগ
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১৭৩.২২.০০৫.১১-১৫৫

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩১ / ৩০ সেপ্টেম্বর ২০২৪

**প্রজ্ঞাপন**

চাকরি প্রার্থীদের সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা বৃদ্ধির দাবির পরিপ্রেক্ষিতে বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনাপূর্বক যথাবিহীত সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

| ক্রমিক | নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১। | জনাব আব্দুল মুয়ীদ চৌধুরী<br>সাবেক সচিব ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা। | আহবায়ক |
| ০২। | ড.মো: মোখলেস উর রহমান<br>সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। | সদস্য সচিব |
| ০৩। | বেগম কওছার জহুরা<br>সাবেক যুগ্মসচিব | সদস্য |
| ০৪। | জনাব মোহাম্মদ ইকবাল<br>সাবেক অতিরিক্ত সচিব। | সদস্য |
| ০৫। | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ | সদস্য |

**০২। কমিটির উদ্দেশ্য:**

কমিটি প্রতিষ্ঠার মূল লক্ষ্য হলো ছাত্রদের সুষ্ঠু ও বৈধ দাবিগুলি গুরুত্ব সহকারে বিবেচনা করা এবং একটি কার্যকর সমাধানের জন্য সরকারের কাছে সুপারিশ পেশ করা।

**০৩। কমিটির কার্যপরিধি:**

**(ক) তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ :**

- দেশের বর্তমান চাকরির বয়সসীমা এবং আন্তর্জাতিক মানের সাথে তুলনা করা ;
- ছাত্র-জনতার আন্দোলন ও এর পেছনের কারণসমূহ বিশ্লেষণ করা;
- কোভিড-১৯ এর অতিমারি, রাশিয়া-ইউক্রেন ও মধ্যপ্রাচ্য যুদ্ধ, বাংলাদেশের ফ্যাসিবাদী আওয়ামী সরকারের দুর্নীতির কারণে অর্থনৈতিক স্থবিরতা, কোভিড-১৯ এবং অন্যান্য প্রভাবকারী উপাদানগুলি বিবেচনা করা।

**(খ) মতামত গ্রহণ :**

- শিক্ষাবিদ, চাকরি প্রদানকারী প্রতিষ্ঠান, বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ, ছাত্র সংগঠনসহ সংশ্লিষ্ট বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে বয়সসীমা বৃদ্ধির প্রয়োজনীয়তার বিষয়ে তাদের সুস্পষ্ট মতামত গ্রহণ করা।

**(গ) আইনি এবং প্রশাসনিক দিক:**

- চাকরিতে প্রবেশের বয়সসীমা বৃদ্ধির জন্য আইনগত ও প্রশাসনিক বাধাগুলি বিশ্লেষণ করা;
- প্রয়োজনীয় আইনি পরিবর্তন ও সংশোধনের জন্য সুপারিশ প্রস্তুত করা।

**(ঘ) অর্থনৈতিক প্রভাব বিশ্লেষণ:**

- চাকরিতে বয়সসীমা বৃদ্ধির ফলে শ্রম বাজারে কী ধরণের প্রভাব পড়বে তা বিশ্লেষণ করা;
- সরকারের অর্থনৈতিক অবস্থার উপর সম্ভাব্য প্রভাব মূল্যায়ন করা।

CamScanner

**(ঙ) প্রস্তাবনা প্রস্তুতি:**

- প্রাসঙ্গিক তথ্য ও পরিসংখ্যান অন্তর্ভুক্ত করে একটি সুস্পষ্ট প্রস্তাবনা তৈরি করা।

**(চ) সুপারিশ পেশ:**

- কার্যপরিধি অনুযায়ী কার্যক্রম সমাপ্তির পর কমিটির সুপারিশ সংবলিত একটি রিপোর্ট প্রস্তুত করা;
- রিপোর্টটি অন্তবর্তী সরকারের কাছে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পেশ করা।

**০৪। সাচিবিক সহায়তা, লজিস্টিকস ও অন্যান্য:**

ক) জনপ্রশাসন মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে;

খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কমিটির জন্য একটি যথোপযুক্ত দপ্তর ও প্রয়োজনীয় লজিস্টিকস প্রদানের ব্যবস্থা করবে;

গ) সুপিরিয়র সিলেকশন বোর্ডের সভার সদস্যগণ প্রতি সভার জন্য যেরূপ সম্মানী পেয়ে থাকেন, এ কমিটির সদস্যগণ একই খাত থেকে সমপরিমাণ সম্মানী প্রাপ্য হবেন।

**০৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।**

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৬০।০৯।২০২৪

(মোঃ ওবায়দুর রহমান)
অতিরিক্ত সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ফোন: ০২-৯৫১৪১৪৩
ইমেইল: regwing@mopa.gov.bd

CamScanner